কালের কণ্ঠ

তারিখ ... 30 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী বললেন

# মানসম্মত শিক্ষার জন্য বেশি বেতনের প্রয়োজন নেই

নিজস্ব প্রতিবেদক ▷

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, 'মানসম্মত প্রাথমিক শিক্ষার জন্য বেশি বেতনের শিক্ষক প্রয়োজন নেই। একজন শিক্ষক যদি নিবেদিতপ্রাণ হয়ে থাকেন তাহলে আর কিছু লাগে না। বেশি বেতন দিলেই যে তাঁর মধ্যে দেশপ্রেম জাগ্রত হবে, এটা কখনোই সত্য হতে পারে না।'

গতকাল বুধবার রাজধানীর সোনারগাঁও হোটেলে 'প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় আয়োজিত মানসম্মত শিক্ষা' শীর্ষক জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মোস্তাফিজুর রহমান বলেন, 'কিন্ডারগার্টেন স্কুলের শিক্ষকরা কি সরকারি স্কুলের শিক্ষকদের চেয়ে বেশি বেতন পান? তাঁরা কি বেশি যোগ্য? তাহলে কেন শিশুরা কিন্ডারগার্টেনে যায়? এমনকি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরাও তাঁদের সন্তানদের কিন্ডারগার্টেন স্কুলে ভর্তি করান। প্রাথমিক শিক্ষাই হচ্ছে একজন শিক্ষার্থীর ভিত্তিভূমি। এই শিক্ষাই যদি দুর্বল হয় তাহলে সমস্ত শিক্ষাই ব্যর্থ হয়ে যাবে।'

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মো. মোতাহার হোসেন বলেন, 'শিক্ষক, অভিভাবক ও ছাত্র—এই তিন গ্রুপকে একত্রিত করতে না পারলে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা সম্ভব নয়। প্রাথমিকে মনিটরিং ব্যবস্থাও খুব খারাপ। এখনো ঠিকা শিক্ষক দিয়ে লেখাপড়া করানো হচ্ছে।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক তনিফা নাজনীন বলেন, 'দ্বিতীয় শ্রেণি পর্যন্ত শিশুদের মৌলিক শিক্ষা দেওয়াটাই শ্রেয়। এই বয়সের শিশুদের বাসায় নয়, স্কুলেই পড়াতে হবে। এ সময়ে তারা জীবনমুখী শিক্ষা, আচার-আচরণ, আদবকেতা শিখবে। প্রাথমিক বিদ্যালয়েই দরিদ্র শিশুদের পড়ালেখার বাইরে কর্মমুখী শিক্ষা দিতে হবে। যাতে কেউ প্রাথমিক শিক্ষা শেষে লেখাপড়া বাদ দিলেও নিজেও কিছু করতে পারে।'

সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ন্যাশনাল ওয়ার্কিং গ্রুপের সদস্য সাব্বির বিন শামস। এ ছাড়া বক্তব্য দেন প্রাথমিক ও গণশিক্ষা সচিব মো. হুমায়ন খালিদ, প্রাথমিক অধিদপ্তরের মহাপরিচালক মো. আলমগীর প্রমুখ।